ইত্তেফাক

তারিখ ২ ৩/৮/৬৯ ... ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

# সমস্যা জর্জরিত কুমিল্লা সরকারী মহিলা কলেজ

কুমিল্লা ১ই আগষ্ট (নিজস্ব সংবাদদাতা)—নূতন জাতীয়করণকৃত কুমিল্লা সরকারী মহিলা কলেজ নানাবিধ সমস্যায় জর্জরিত।

প্রয়োজনীয় শিক্ষকের অভাবে কলেজটি এখনও পূর্ণাঙ্গরূপে চালু হইতে পারে নাই। কলেজটিতে বাংলা ছাড়া এখনও কোন বিষয়ে অনার্স কোর্স চালু করা সম্ভব হয় নাই। রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে অনার্স কোর্স চালু করার জন্য অনুমতি থাকিলেও শিক্ষকের অভাবে তাহা সম্ভব হয় নাই।

প্রয়োজনীয় আসবাবপত্র ও স্থানাভাবের দরুন কলেজটি সম্প্রসারিত করা সম্ভব হইতেছে না। কলেজটি জাতীয়করণ করার পর অতি সম্প্রতি মাত্র একটি ভবন নির্মাণের কাজ সম্পন্ন হইয়াছে।

কুমিল্লা জেলা শহরে ইহাই একমাত্র মহিলা কলেজ। ফলে ছাত্রী সংখ্যা দিন দিন বৃদ্ধি পাইতেছে। কলেজটি সরকারী পরিচালনায় আসার পর নূতন কোন ছাত্রী হোষ্টেল নির্মাণ করা হয় নাই। পুরাতন হোষ্টেলটিতে ছাত্রীদের স্থান সংকুলান হয় না।

অধ্যক্ষার কোয়ার্টারটিও স্বল্প পরিসরের। জাতীয়করণ করার পর অধ্যক্ষার জন্য নূতন কোন কোয়ার্টার নির্মাণ করা হয় নাই।

কলেজটিতে অশিক্ষক কর্মচারীরও অভাব রহিয়াছে। এমনকি অফিস প্রধান সহকারীর পদটিও শূন্য রহিয়াছে।